(সংশোধিত)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

কর্মশালার সময় : সকাল ১০টা

www.rajshahieducationboard.gov.bd

কর্মশালায় উপস্থিতি বাধ্যতামূলক

## ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের কর্মশালা এবং উত্তরপত্র বিতরণের তারিখ

| ক্রমিক নম্বর | বিষয়ের নাম | বিষয় কোড | প্রধান পরীক্ষকগণের কর্মশালার তারিখ | কর্মশালা এবং উত্তরপত্র বিতরণের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | বাংলা (আবশ্যিক) - ১ম পত্র | ১০১ | ০৩/০৭/২০২৪ বুধবার | ১০/০৭/২০২৪ বুধবার |
| ২. | বাংলা (আবশ্যিক) - ২য় পত্র | ১০২ | ০৭/০৭/২০২৪ রবিবার | ১৩/০৭/২০২৪ শনিবার |
| ৩. | ইংরেজি(আবশ্যিক) - ১ম পত্র | ১০৭ | ০৮/০৭/২০২৪ সোমবার | ১৫/০৭/২০২৪ সোমবার |
| ৪. | ইংরেজি(আবশ্যিক) - ২য় পত্র | ১০৮ | ১২/০৭/২০২৪ শুক্রবার | ১৬/০৭/২০২৪ মঙ্গলবার |
| ৫. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি- ২৭৫ | ২৭৫ | ১৩/০৭/২০২৪ শনিবার | ১৮/০৭/২০২৪ বৃহস্পতিবার |
| ৬. | ক) পদার্থবিজ্ঞান - ১ম পত্র<br>খ) হিসাববিজ্ঞান - (১ম+২য়) পত্র | ১৭৪<br>২৫৩+২৫৪ | ১৬/০৭/২০২৪ মঙ্গলবার | ২০/০৭/২০২৪ শনিবার |
| ৭. | ক) যুক্তিবিদ্যা - (১ম+২য়) পত্র<br>খ) পদার্থবিজ্ঞান - ২য় পত্র | ১২১+১২২<br>১৭৫ | ১৮/০৭/২০২৪ বৃহস্পতিবার | ২১/০৭/২০২৪ রবিবার |
| ৮. | ক) ভূগোল - ১ম পত্র<br>খ) ইতিহাস - (১ম+২য়) পত্র | ১২৫<br>৩০৪+৩০৫ | ২৪/০৭/২০২৪ বুধবার | ৩০/০৭/২০২৪ মঙ্গলবার |
| ৯. | ক) ভূগোল - ২য় পত্র<br>খ) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি - ১ম পত্র | ১২৬<br>২৬৭ | ২৫/০৭/২০২৪ বৃহস্পতিবার | ৩১/০৭/২০২৪ বুধবার |
| ১০. | ক) রসায়ন - ১ম পত্র<br>খ) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন-(১ম+২য়)পত্র | ১৭৬<br>২৮৬+২৮৭ | ২৭/০৭/২০২৪ শনিবার | ০৩/০৮/২০২৪ শনিবার |
| ১১. | ক) রসায়ন - ২য় পত্র<br>খ) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি - ২য় পত্র | ১৭৭<br>২৬৮ | ২৮/০৭/২০২৪ রবিবার | ০৬/০৮/২০২৪ মঙ্গলবার |
| ১২. | ক) অর্থনীতি - ১ম পত্র<br>খ) পৌরনীতি ও সুশাসন - ১ম পত্র | ১০৯<br>২৬৯ | ০৭/০৮/২০২৪ বুধবার | ০৮/০৮/২০২৪ বৃহস্পতিবার |
| ১৩. | ক) অর্থনীতি - ২য় পত্র<br>খ) পৌরনীতি ও সুশাসন - ২য় পত্র | ১১০<br>২৭০ | ০৯/০৮/২০২৪ শুক্রবার | ১০/০৮/২০২৪ শনিবার |
| ১৪. | ক) জীববিজ্ঞান - (১ম+২য়) পত্র<br>খ) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা - (১ম+২য়) পত্র<br>গ) পরিসংখ্যান - (১ম+২য়)পত্র | ১৭৮+১৭৯<br>২৭৭+২৭৮<br>১২৯+১৩০ | ১১/০৮/২০২৪ রবিবার | ১২/০৮/২০২৪ সোমবার |
| ১৫. | ক) মনোবিজ্ঞান - (১ম+২য়) পত্র<br>খ) কৃষিশিক্ষা - (১ম+২য়) পত্র | ১২৩+১২৪<br>২৩৯+২৪০ | ১৩/০৮/২০২৪ মঙ্গলবার | ১৪/০৮/২০২৪ বুধবার |
| ১৬. | ক) ইসলাম শিক্ষা - (১ম+২য়) পত্র<br>খ) উচ্চতর গণিত - (১ম+২য়) পত্র<br>গ) ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা - (১ম+২য়) পত্র | ২৪৯+২৫০<br>২৬৫+২৬৬<br>২৯২+২৯৩ | ১৭/০৮/২০২৪ শনিবার | ১৮/০৮/২০২৪ রবিবার |
| ১৭. | ক) সমাজবিজ্ঞান - (১ম+২য়) পত্র<br>খ) সমাজকর্ম - (১ম+২য়) পত্র<br>গ) গার্হস্থ্যবিজ্ঞান - (১ম+২য়) পত্র | ১১৭+১১৮<br>২৭১+২৭২<br>২৭৩+২৭৪ | ১৯/০৮/২০২৪ সোমবার | ২০/০৮/২০২৪ মঙ্গলবার |
| ১৮. | প্রধান পরীক্ষক বিহীন অন্যান্য সকল বিষয় | ১৩৩, ১৩৭, ১৮২ ১৮৩, ২২২, ২১৬, ২১৮, ২২৫, ২৭৯, ২৮২, ২৮৪, ২৯৮ | -- | ২২/০৮/২০২৪ বৃহস্পতিবার |

উল্লেখ্য প্রধান পরীক্ষকদের কর্মশালা বোর্ডের সভাকক্ষে এবং পরীক্ষকদের কর্মশালা প্রশাসনিক ভবনের নিচতলা।

২১/৬/২৪

**প্রফেসর মো. আরিফুল ইসলাম**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
controller@rajshahieducationboard.gov.bd

২১/৬/২৪

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd
controller@rajshahieducationboard.gov.bd

## প্রধান পরীক্ষক/পরীক্ষকের করণীয়

১. ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের নামে কোন নিয়োগপত্র ইস্যু করা হবে না। সংশ্লিষ্ট প্রধান পরীক্ষক/পরীক্ষকদের নাম ও কোড সম্বলিত তালিকা রাজশাহী শিক্ষা বোর্ডের Web site : www.rajshahieducationboard.gov.bd থেকে প্রিন্ট করে নিতে হবে এবং উক্ত প্রিন্ট আউট, প্রতিষ্ঠান প্রধানের হালনাগাদ প্রত্যয়নপত্রে নমুনা স্বাক্ষর সত্যায়নসহ জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিয়ে উত্তরপত্র গ্রহণ করতে হবে। পরীক্ষা নিয়ন্ত্রক এবং প্রধান পরীক্ষক কর্তৃক প্রদত্ত নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

২. পরীক্ষক ও প্রধান পরীক্ষকগণের উত্তরপত্র মূল্যায়নের কর্মশালায় তাঁর উপস্থিতি বাধ্যতামূলক। কর্মশালায় উপস্থিত হয়ে প্রধান পরীক্ষকের সাথে যৌথভাবে উত্তরপত্র মূল্যায়ন শেষে নম্বর প্রদানের যৌক্তিকতা ব্যাখ্যা করে সমন্বিত সিদ্ধান্ত গ্রহণের পর প্রধান পরীক্ষকের নিকট উল্লিখিত দলিলাদি জমা দিবেন। জমাকৃত দলিলাদি অনুযায়ী উপস্থিত পরীক্ষকদের মধ্যে উত্তরপত্র বন্টন করা হবে। কোনক্রমেই পরবর্তী সময়ে উত্তরপত্র পাওয়ার সুযোগ থাকবে না।

৩. তাঁর নামে বরাদ্দকৃত উত্তরপত্র ব্যক্তিগতভাবে নির্ধারিত সময়ে কর্মশালায় যোগদান করে উত্তরপত্র মূল্যায়ন শেষে গ্রহণ করতে হবে। কোন অবস্থাতেই প্রতিনিধিকে উত্তরপত্র সরবরাহ করা হবে না।

৪. প্রতিষ্ঠান প্রধানের ক্ষেত্রে হালনাগাদ প্রত্যয়নপত্র ম্যানিজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি/ডিসি/ডিডি/ইউএনও কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

৫. উত্তরপত্র প্রাপ্তির পর সর্বমোট উত্তরপত্র গণনাপূর্বক সমুদয় উত্তরপত্রের বিষয় কোড সঠিক আছে কিনা তা মিলিয়ে দেখতে হবে এবং প্রাপ্ত উত্তরপত্রের সংখ্যা প্রধান পরীক্ষককে অবহিত করতে হবে।

৬. ভুল কিংবা মিথ্যা তথ্য প্রদান করে কেউ পরীক্ষক নিযুক্ত হলে তাঁর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭. নির্ধারিত সময়ের মধ্যে মূল্যায়নকৃত উত্তরপত্র প্রধান পরীক্ষকের নিকট অবশ্যই জমা দিতে হবে। বরাদ্দকৃত উত্তরপত্র প্রধান পরীক্ষকের নিকট জমা না দিয়ে কোন অবস্থাতেই কর্মস্থল ত্যাগ করা যাবে না।

৮. উত্তরপত্র মূল্যায়নের সময় পরীক্ষকের যদি সন্দেহ হয় যে, পরীক্ষার্থী অসুদপায় অবলম্বন করেছে তবে তিনি অসুদপায়ের প্রকৃতি উল্লেখপূর্বক একটি গোপনীয় প্রতিবেদন (উত্তরপত্রসহ) প্রধান পরীক্ষকের নিকট পাঠাবেন। প্রতিবেদনের একটি কপি পরীক্ষা নিয়ন্ত্রকের ব্যক্তিগত নামে পাঠাতে হবে।

৯. পরীক্ষা সংক্রান্ত সকল প্রকার যোগাযোগের ক্ষেত্রে বিষয় কোড ও পরীক্ষক কোড অবশ্যই উল্লেখ করতে হবে।

১০. উত্তরপত্রের কভার পৃষ্ঠায় (OMR) এ পরীক্ষক/প্রধান পরীক্ষকের প্রয়োজনীয় অংশসমূহে পূর্বে থেকে কোন অবাঞ্চিত দাগ/লিথো কোড পরিবর্তন/বৃত্ত পূরণ করা থাকলে তা প্রধান পরীক্ষককে অবহিত করতে হবে।

১১. উত্তরপত্রের কভার পৃষ্ঠার ২য় ও ৩য় অংশে পরীক্ষকদের জন্য নির্ধারিত বক্সের ভিতর স্বাক্ষর করতে হবে। বক্সের বাইরে কোনক্রমেই স্বাক্ষর করা যাবে না।

১২. এক বিষয়/পত্রের পরীক্ষক অন্য বিষয়/পত্রের উত্তরপত্র ভুলবশতঃ পেলে তা মূল্যায়ন না করে সরাসরি পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে হাতে হাতে জমা দিতে হবে।

১৩. নিয়োগপ্রাপ্ত কোন শিক্ষকের ছেলে/মেয়ে/পোষ্য পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি পরীক্ষক/প্রধান পরীক্ষক হতে পারবেন না।

১৪. এতদসঙ্গে সংযুক্ত তালিকায় বর্ণিত তারিখ ও সময়ানুযায়ী প্রধান পরীক্ষক/পরীক্ষকদের কর্মশালা বোর্ডের সভাকক্ষে/হল রুমে অনুষ্ঠিত হবে।

২১/৫/২৪

**প্রফেসর মো. আরিফুল ইসলাম**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
controller@rajshahieducationboard.gov.bd

২১/৫/২৪